

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 “গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত  
 সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্প  
 দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
 ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।  
 www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১. ০০০০.০২৪.১৭.০০৫.১৯/

তারিখঃ- /১১/২০১৯খ্রিঃ.

বিষয়ঃ “গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ” আওতায় বাস্তবায়িত প্রকল্প সমূহের স্থিরছবি ও ভিডিও চিত্র প্রেরণ।

- সূত্রঃ (১) দুর্যোগ ব্যবস্থাপনা ত্রাণ মন্ত্রণালয়ের গত ৩০/১০/২০১৯ খ্রিঃ তারিখের আনুষ্ঠিত এডিপি ও এডিপি বহিভূত উন্নয়ন সভার নির্দেশনা।  
 (২) অত্র অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০২৪.১৭.০০৫.১৯/৮০৩ তারিখঃ ৩১/১০/২০১৯খ্রিঃ.  
 (৩) অত্র অধিদপ্তরের স্মারক নং-৫১.০১. ০০০০.০২৪.১৭.০০৫.১৯/৮২৫ তারিখঃ- ১২/১১/২০১৯খ্রিঃ.

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গত ৩০/১০/২০১৯খ্রিঃ তারিখে আনুষ্ঠিত এডিপি ও এডিপি বহিভূত উন্নয়ন প্রকল্প সমূহের পর্যালোচনা সভায় “গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রতিটি সেতু/কালভার্টের স্থির ও ভিডিওচিত্র সংগ্রহ পূর্বক ১৫/১১/২০১৯ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ের উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রণালয়ের পর্যালোচনা সভায় উপস্থাপনের জন্য আপনার উপজেলায় বাস্তবায়িত প্রতিটি সেতু/কালভার্টের স্থির ও ভিডিও চিত্র গত ১২/১১/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে বিশেষ বাহক মারফত নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল এবং গত ১২/১১/২০১৯খ্রিঃ তারিখের পরে ০৩(তিন) কার্য দিবসের মধ্যে স্থির ও ভিডিও চিত্র নিম্নস্বাক্ষরকারী বরাবরে পাঠানোর জন্য পুনরায় অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি আপনার উপজেলা হতে স্থির ও ভিডিও চিত্র পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক স্থির ও ভিডিও চিত্র প্রদর্শন করা সম্ভব হয়নি। এ বিষয়ে মন্ত্রণালয়ের সভায় অন্তিম প্রকাশ করা হয়। আগামী ০৩(তিন) কার্য দিবসের মধ্যে স্থির ও ভিডিও চিত্র বিশেষ বাহক মারফত প্রকল্প অফিসে পাঠানোর জন্য পুনরায় অনুরোধ করা হলো। উল্লেখ্য যে স্থির ও ভিডিও চিত্র পাঠাতে ব্যর্থ হলে ইহার দায়দায়িত্ব উপজেলা কর্তৃপক্ষকেই বহন করতে হবে।

বিষয়টি অতীব জরুরী।

প্রাপক,

- ০১। উপজেলা নির্বাহী অফিসার,  
 উপজেলাঃ ..... জেলাঃ ..... (সকল)।  
 ০২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,  
 উপজেলাঃ ..... জেলাঃ ..... (সকল)।

স্মারক নং- ৫১.০১. ০০০০.০২৪.১৭.০০৫.১৯/ ৮৪৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিতঃ

- ০১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
 ০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।  
 ০৩। উপ- প্রকল্প পরিচালক “গ্রামীণ রাস্তায় ১৫মিঃ দৈর্ঘ্য পর্যন্ত সেতু/কালভার্ট নির্মাণ” শীর্ষক প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (তৌকে এ ব্যাপারে সার্বিকভাবে তদারকি করার জন্য বলা হলো)।  
 ০৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ..... (সকল) (তৌকে তার জেলার “গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রতিটি সেতু/কালভার্টের স্থির ও ভিডিও চিত্র সংগ্রহ পূর্বক প্রকল্প অফিসে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।  
 ০৫। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বিজ্ঞপ্তিটি অত্র অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।  
 ০৬। জনাব ..... সহকারী প্রকল্প পরিচালক/সহকারী প্রকৌশলী ও দায়িত্ব প্রাপ্ত প্রকৌশলী, সেতু/কালভার্ট প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (তৌকে তাঁর আওতাধীন উপজেলা সমূহের “গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্পের আওতায় বাস্তবায়িত প্রতিটি সেতু/কালভার্টের স্থির ও ভিডিও চিত্র সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।  
 ০৭। অতিরিক্ত সচিব, (পরিচালনা ও উন্নয়ন), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ আলতাফ হোসেন)  
 উপ-প্রকল্প পরিচালক

“গ্রামীণ রাস্তায় ১৫ মিটার দৈর্ঘ্য পর্যন্ত  
 সেতু/কালভার্ট নির্মাণ” শীর্ষক প্রকল্প